

**2022/TDC(CBCS)/EVEN/SEM/
BNGGEC-601T/026**

TDC (CBCS) Even Semester Exam., 2022

BENGALI

(6th Semester)

Course No. : BNGGEC-601T

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : ১×২০=২০

- ১। শ্রীরামপুর মিশনের প্রতিষ্ঠাসাল কত ?
- ২। ফোর্ট উইলিয়ম কলেজটি কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয় ?
- ৩। ‘প্রবোধচন্দ্রিকা’ গ্রন্থটির রচয়িতা কে ?
- ৪। রামমোহন রায় রচিত সাপ্তাহিক পত্রিকাটির নাম লেখো।
- ৫। “বিদ্যাসাগর বাংলা ভাষার যথার্থ শিল্পী ছিলেন।” উক্তিটি কার ?

22J/1299

(Turn Over)

- ৬। 'সংবাদ প্রভাকর' পত্রিকাটির সম্পাদকের নাম লেখো।
- ৭। 'মেঘনাদবধ কাব্য'-এ সর্বমোট কয়টি সর্গ আছে?
- ৮। কাকে স্মরণ করে বিহারীলাল 'সাধের আসন' কাব্যখানি রচনা করেছিলেন?
- ৯। জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?
- ১০। মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- ১১। দীনবন্ধু মিত্রের লেখা একটি প্রহসনের নাম লেখো।
- ১২। গিরিশ ঘোষের একটি ভক্তিরসের নাটকের নাম লেখো।
- ১৩। 'সিরাজদ্দৌলা' নাটকটির নাট্যকার কে?
- ১৪। নাট্যকার ডি. এল. রায়ের সম্পূর্ণ নাম কী?
- ১৫। বাংলায় রচিত বঙ্কিমচন্দ্রের উপন্যাসের সংখ্যা কত?
- ১৬। 'বন্দে মাতরম্' সঙ্গীতটি বঙ্কিমচন্দ্রের কোন্ উপন্যাসের অন্তর্ভুক্ত?
- ১৭। 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' গ্রন্থটির রচয়িতা কে?
- ১৮। রবীন্দ্রনাথের প্রথম উপন্যাসটির নাম কী?
- ১৯। 'শ্রীকান্ত' উপন্যাসের প্রধান নারীচরিত্রের নাম লেখো।
- ২০। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত নদীকেন্দ্রিক একটি উপন্যাসের নাম লেখো।
- ২১। রবীন্দ্রনাথ ঠাকুরের 'রবিবার' গল্পটি 'গল্পগুচ্ছ'-এর কোন্ খণ্ডে মুদ্রিত?
- ২২। রবীন্দ্রনাথের 'কাবুলিওয়ালা' গল্পের কাবুলিওয়ালার নাম কী?

- ২৩। রাজশেখর বসুর ছদ্মনাম কী ?
২৪। 'জলসাঘর' গল্পটির রচয়িতা কে ?
২৫। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম গল্পগ্রন্থের নাম লেখো।

SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- ২৬। ফোর্ট উইলিয়ম কলেজের দুজন অধ্যাপকের নাম লেখো।
২৭। বিদ্যাসাগরের 'শকুন্তলা' কোন্ সংস্কৃত নাটকের স্বচ্ছন্দ গদ্যানুবাদ ?
২৮। ঈশ্বরগুপ্ত কত খ্রিস্টাব্দে, কোথায় জন্মগ্রহণ করেছিলেন ?
২৯। রবীন্দ্রনাথ ঠাকুরের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
৩০। দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' নাটকটি কত খ্রিস্টাব্দে, কোথা থেকে প্রকাশিত হয় ?
৩১। কোন্ নাট্যকার শ্রীরামকৃষ্ণদেবের সান্নিধ্য ও কৃপা লাভ করেছিলেন? তাঁর রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।
৩২। বঙ্কিমচন্দ্রের ইংরেজীতে লেখা উপন্যাসটির নাম লেখো। উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?
৩৩। শরৎচন্দ্রের সমসাময়িক দুজন উপন্যাসিকের নাম লেখো।
৩৪। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কার লেখা? উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?
৩৫। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত যে কোনো দুটি ছোটগল্পের নাম লেখো।

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সম্পর্কে আলোচনা করো।
- ৩৭। “দেওয়ানজী জলের ন্যায় সহজ ভাষা লিখতেন।” রামমোহন সম্পর্কে ঈশ্বরগুপ্তের এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো।
- ৩৮। বাংলা গীতিকবিতার ধারায় কবি বিহারীলাল চক্রবর্তীর অবদান সম্পর্কে আলোচনা করো।
- ৩৯। আধুনিক কবি জীবনানন্দ দাশের কাব্য-প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৪০। বাংলা নাট্য-সাহিত্যের ধারায় মধুসূদন দত্তের কৃতিত্বের পরিচয় দাও।
- ৪১। গিরিশ ঘোষের নাট্য-প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।
- ৪২। রবীন্দ্রনাথ ঠাকুরের যে কোনো দুটি উপন্যাস সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।
- ৪৩। বাংলা উপন্যাস রচনার ক্ষেত্রে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অভিনবত্ব ও মৌলিকতার পরিচয় দাও।
- ৪৪। গল্পকার মানিক বন্দ্যোপাধ্যায়ের শিল্পী প্রতিভার মূল্যায়ন করো।
- ৪৫। “হাস্যকৌতুককে ক্ল্যাসিক পর্যায়ে তুলে ধরার সমস্ত গৌরব তাঁর প্রাপ্য।” গল্পকার পরশুরাম সম্পর্কে সমালোচকের এই মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।
